**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড**
**রাজশাহী।**

স্মারক নং-২৪.০৬.০০০০.০১৪.০৭.১৭৪.১৯/ ৯১ তারিখ: ২৯/০৭/২০২৬

## সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকাভুক্তি/লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর)-২০২৫ এর আলোকে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করা হবে। ঠিকাদার তালিকাভুক্তির জন্য বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদন ফরম হিসাব শাখা হতে নির্ধারিত মূল্যে নিম্নোক্ত সময়সূচি মোতাবেক অফিস চলাকালীন সময় সংগ্রহ করা যাবে।

**ছক-১ (নবায়ন)**

| বিবরণ | প্রতিষ্ঠানের নাম | নবায়ন ফি | ভ্যাট ১৫% | বিনা জরিমানায় নবায়নের সময়সীমা | ৫০% জরিমানায় নবায়নের সময়সীমা | ১০০% জরিমানায় নবায়নের সময়সীমা |
|---|---|---|---|---|---|---|
| লাইসেন্স নবায়ন | | ২০০০.০০ | ৩০০.০০ | ৩০/০৭/২০২৬ হতে ৩০/০৯/২০২৬ খ্রিঃ পর্যন্ত | ০১/১০/২০২৬ হতে ৩১/১২/২০২৬ খ্রিঃ পর্যন্ত | ০৩/০১/২০২৭ হতে ৩০/০৬/২০২৭ খ্রিঃ পর্যন্ত |
| | এককমালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে | ১৫০০.০০ | ২২৫.০০ | | | |

**ছক-২ (নতুন তালিকাভুক্তি)**

| বিবরণ | প্রতিষ্ঠানের নাম | ফরমের নাম | তালিকাভুক্তি ফি | ভ্যাট ১৫% | ফরম সংগ্রহ ও জমাদানের সময়সীমা |
|---|---|---|---|---|---|
| ঠিকাদারি তালিকাভুক্তি | | ১০০০.০০ | ৫০০০.০০ | ৭৫০.০০ | ৩০/০৭/২০২৬ হতে ৩০/০৯/২০২৬ খ্রিঃ পর্যন্ত |
| | এককমালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে | ১০০০.০০ | ৩০০০.০০ | ৪৫০.০০ | |

**শর্তাবলী:**

১। ২০২৬-২০২৭ অর্থবছরের লাইসেন্স নবায়নের জন্য অফিসের হিসাব শাখায় লাইসেন্স নবায়ন ফি জমা পূর্বক জমাদানের রশিদ প্রকৌশল শাখায় জমা দিতে হবে।

২। ইতোপূর্বে যে সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের তালিকাভুক্ত ছিল এবং গত ২০২৫-২৬ অর্থ বছর পর্যন্ত নবায়ন করেন নাই, তারা ১০০% জরিমানা ও চলতি বছরের নবায়ন ফি (বিজ্ঞপ্তি মোতাবেক) এবং ১৫% ভ্যাট প্রদান পূর্বক লাইসেন্স নবায়ন করতে পারবে।

৩। নির্ধারিত তারিখের পরে কোনক্রমেই লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তি ফি গ্রহণ করা হবে না।

৪। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ২০২৫-২০২৬ অর্থবছরের নবায়নকৃত লাইসেন্স বহিতে ২০২৬-২০২৭ অর্থবছরে নবায়ন করা হবে।

৫। তালিকাভুক্তির জন্য ১০০০ (এক হাজার) টাকা মূল্যের ফরম সংগ্রহ পূর্বক ফরম ক্রয়ের রশিদসহ উল্লিখিত শর্তাবলী পূরণ করে দাখিল করতে হবে।

৬। তালিকাভুক্ত / নবায়নকৃত প্রতিষ্ঠান সমূহ কে ই-জিপি রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

৭। ঠিকাদারি লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯/৭/২৬

(মোঃ লুৎফর রহমান তালুকদার)
নির্বাহী প্রকৌশলী
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড,
রাজশাহী।